

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫০

১/ বিবিধ

আরবী

من فرج عن مؤمن لهفان غفر الله له ثلاثا وسبعين مغفرة، واحدة يصلح بها أمر دنياه وأخرته، وثلثين وسبعين يوفيهها الله تعالى يوم القيامة  
موضوع

رواه أبو نعيم في " الحلية " ( 3 / 49 - 50 ) من طريق إسماعيل بن أبان الأزدي (الأصل الأودي وهو تصحيف) قال: حدثنا حماد بن عثمان القرشي - مولى الحسن بن علي - قال: حدثني يزيد بن أبي زياد البصري عن فرقد عن شमित - مولى ثوبان - عن ثوبان مرفوعا، وقال: " غريب من حديث فرقد، لم نكتبه إلا من هذا الوجه قلت: وهو مظلم، فإن فرقدا هذا وهو ابن يعقوب السبخي قال البخاري: " في حديثه مناكير " . وقال النسائي: " ليس بثقة " . ويزيد بن أبي زياد البصري لم أعرفه، وفي طبقة بهذا الاسم والنسب ثلاثة أحدهم شامي وهو ضعيف جدا، والآخران كوفيان، أحدهما من رجال " التهذيب " وهو ضعيف. والآخر من رجال " الميزان " ولا تقوم به حجة. فلعله أحدهم ويكون نسبه بصريا خطأ من أحد الرواة ولعله من الراوي عنه: حماد بن عثمان القرشي، ولم أجد له ترجمة. ويراجع له " الجرح والتعديل " . فإني لا أطوله الآن. ثم رجعت إليه فلم أجد فيه سوى حماد بن عثمان الذي روى عن الحسن البصري وهو مجهول. فكأنه غير هذا. وهذا الحديث أورده السيوطي شاهدا للحديث الذي قبله فلم يحسن لشدة ضعفه ونكارة لفظه. والله أعلم

## বাংলা

৭৫০। যে ব্যক্তি মুমিন ব্যক্তির দুটি কষ্ট দূর করে দিবে আল্লাহ তাকে তিহাওরবার ক্ষমা করে দিবেন। একটি ক্ষমার দ্বারা তার দুনিয়া ও আখেরাতের কর্মগুলো বিশুদ্ধ করে দেয়া হবে। আর বাকী বাহাওরটি আল্লাহ তা'আলা কিয়ামতের দিন সম্পূর্ণরূপে দান করবেন।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৩/৪৯-৫০) গ্রন্থে ইসমাঈল ইবনু আবান আল-আযদী সূত্রে হাম্মাদ ইবনু উসমান আল-কুরাশী হতে তিনি ইয়াযীদ ইবনু আবী যিয়াদ আল-বাসরী হতে তিনি ফারকাদ হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ ফারকাদের হাদীছ হতে এটি গরীব। হাদীছটি একমাত্র এ সূত্রেই আমরা লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ সনদটি অন্ধকারাচ্ছন্ন। কারণ ফারকাদ ইবনু ইয়াকুব আস-সাযাখী সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তার হাদীছে মুনকার রয়েছে। নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন।

আর ইয়াযীদ ইবনু আবী যিয়াদকে আমি চিনি না। তার সমপর্যায়ের একই নাম ও নাসাবে তিন ব্যক্তি রয়েছে। একজন শামী তিনি নিতান্তই দুর্বল। আর দু'জন হচ্ছেন কুফী। তাদের একজন সম্পর্কে "আত-তাহযীব" গ্রন্থে বলা হয়েছে তিনি দুর্বল। আর দ্বিতীয়জন সম্পর্কে "আল-মীযান" গ্রন্থে বলা হয়েছে, তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। বাসরী হিসাবে সম্বোধন করা ভুল। এ ছাড়া হাম্মাদ ইবনু উছমান আল-কুরাশীর জীবনী পাচ্ছি না।

সুযুতী এ হাদীছটিকে পূর্বের হাদীছটির শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। কিন্তু এটি শাহেদ হবার যোগ্য নয়। খুবই দুর্বল হওয়াই এবং শব্দে দুর্বোধ্যতা থাকার কারণে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71629>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন